

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

শিক্ষণীয় বিষয়সমূহ -৮ (پاهبر _৮)

- ১. সত্য প্রতিষ্ঠায় মূল নেতাকেই আদর্শ হিসাবে সম্মুখে এগিয়ে আসতে হয়।
- ২. সংস্কারক নেতা উচ্চ বংশের ও সৎকর্মশীল নেককার পিতা-মাতার সন্তান হয়ে থাকেন।
- ৩. সংস্কারক নিজ ব্যক্তিজীবনে তর্কাতীতভাবে সৎ হন।
- ৪. সংস্কারক কখনোই অলস ও বিলাসী হন না।
- ৫. সংস্কারের প্রধান বিষয় হ'ল মানুষের ব্যক্তিগত আক্রীদা ও আমল।
- ৬. শিরকের সঙ্গে আপোষ করে কখনোই তাওহীদ প্রতিষ্ঠা সম্ভব নয়।
- ৭. সংস্কার প্রচেষ্টা শুরু হ'লেই তার বিরোধিতা অপরিহার্য হবে।
 - ৮. ইসলামী সংস্কারের বিরুদ্ধে প্রধান বিরোধী হবে স্বার্থান্ধ ধর্মনেতা ও সমাজ নেতারা।
- ৯. যাবতীয় গীবত-তোহমত ও অত্যাচার-নিপীড়ন সহ্য করার জন্য সংস্কারককে মানসিকভাবে প্রস্তুত থাকতে হবে।
- ১০. সংস্কারককে পুরোপুরি মানবহিতৈষী হ'তে হবে।
- ১১. স্রেফ আল্লাহর উপরে ভরসা করে ময়দানে নামতে হবে।
- ১২. আল্লাহ প্রেরিত অহীর বিধান সার্বিকভাবে প্রতিষ্ঠার মাধ্যমেই কেবল মানবতার প্রকৃত কল্যাণ সম্ভব-দৃঢ়ভাবে এ বিশ্বাস পোষণ করতে হবে।
- ১৩. নেতাকে অবশ্যই নৈশ ইবাদতে অভ্যস্ত হ'তে হবে এবং ফরয ও সুন্নাত সমূহ পালনে আন্তরিক হ'তে হবে।
- ১৪. নেতাকে যাবতীয় দুনিয়াবী লোভ-লালসার ঊধ্বের্ব থাকতে হবে।
- ১৫. সকল কাজে সর্বদা কেবল আল্লাহর সন্তুষ্টি কামনা করতে হবে ও তাঁর কাছেই বিনিময় চাইতে হবে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5244

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন